# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৪৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাতের কিরাআত।

## باب مَا جَاءَ فِي قِرَاءَةِ اللَّيْلِ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا يَحْيَى بْنُ إِسْحَاقَ، هُوَ السَّالَحِينِيُّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ ثَابِتٍ الْبُنَانِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَبَاحٍ الأَنْصَارِيِّ، عَنْ أَبِي قَتَادَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ لأَبِي بَكْرٍ " مَرَرْتُ بِكَ وَأَنْتَ تَقْرَأُ وَأَنْتَ تَخْفِضُ مِنْ صَوْتِكَ " . فَقَالَ إِنِّي أَسْمَعْتُ مَنْ نَاجَيْتُ . قَالَ " ارْفَعْ قَلِيلاً " . وَقَالَ لِعُمَرَ " مَرَرْتُ بِكَ وَأَنْتَ تَقْرَأُ وَأَنْتَ تَرْفَعُ صَوْتَكَ " . قَالَ إِنِّي أُوقِظُ الْوَسْنَانَ وَأَطْرُدُ الشَّيْطَانَ قَالَ " اخْفِضْ قَلِيلاً " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَأُمِّ هَانِئٍ وَأَنَسٍ وَأُمِّ سَلَمَةَ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ . وَإِنَّمَا أَسْنَدَهُ يَحْيَى بْنُ إِسْحَاقَ عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ وَأَكْثَرُ النَّاسِ إِنَّمَا رَوَوْا هَذَا الْحَدِيثَ عَنْ ثَابِتٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَبَاحٍ مُرْسَلاً .

বাংলা

৪৪৭. মাহমুদ ইবনু গায়লান (রহঃ) ...... আব কাতাদা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ বকর রাদিয়াল্লাহু আনহু কে বললেনঃ আমি আপনার নিকট দিয়ে যাচ্ছিলাম, আপনি তখন তিলাওয়াত করছিলেন। তবে আপনার স্বর খুবই নীচু ছিল। তিনি বললেনঃ আপনার আওয়াজকে আরেকটু উঁচু করবেন। পরে উমর রাদিয়াল্লাহু আনহু কে বললেনঃ আমি আপনার পাশ দিয়ে যাচ্ছিলাম। আপনি তখন তিলাওয়াত করছিলেন। কিন্তু আপনার স্বর অত্যন্ত উঁচু ছিল। তিনি বললেনঃ আমি নিদ্রাতুরদেরকে জাগাচ্ছিলাম আর শয়তানকে বিতাড়িত করছিলাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আপনি আপনার আওয়াজ আরেকটু নীচু করবেন। - সহিহ আবু দাউদ ১২০০, মিশকাত ১২০৪, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৪৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা, উম্মু হানী, আনাস, উম্মু সালামা ও ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই বিষয়ে আবূ কাতাদা রাদিয়াল্লাহু আনহ বর্ণিত হাদীসটি (৪৪৭ নং) গারীব। এটিকে কেবল ইয়াহইয়া ইবনু ইসহাক (রহঃ) হাম্মাদ ইবনু সালামা (রহঃ) থেকে মুসনাদ হিসাবে

রিওয়ায়াত করেছেন। কিন্তু অধিকাংশ রাবী এই হাদীসটিকে সাবিত আবদুল্লাহ ইবনু রাবাহ রাদিয়াল্লাহু আনহু সুত্রে মুরসাল হিসেবে বর্ণনা করেছেন।

## English

Abu Qatadah narrated that :
The Prophet (S) said to Abu Bakr: "I passed by you while you were reciting and your voice was low." He said: "I let He who, I was consulting hear." He said: "Raise your voice." Then he said to Umar: "I passed by while you were reciting and your voice was loud." So he said: "I repel drowsiness and keep Ash-Shaitan away." So he said: "Lower your voice."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17636

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন